

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### NYC পাবলিক স্কুলস: বিশ্বের ক্লাসরুম

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমাদের স্কুল সিস্টেমটি হচ্ছে এই দেশের সর্ববৃহৎ, সেজন্যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)-এ কী ঘটছে তা জানতে দেশব্যাপী শিক্ষাবিদ, পরিবার, এবং নেতৃবৃন্দ যে আগ্রহী হবে এতে অবাক হবার কিছু নেই। কিন্তু শুধুমাত্র পুরো দেশ যে আমাদের দিকে তাকিয়ে আছে তাই নয়—আন্তর্জাতিক কমিউনিটিও আমাদের স্কুলগুলোর দিকে তাকিয়ে আছে!

আপনি জানেন কি যে শুধু 2023 সালেই, জানুয়ারিতে ব্রাজিল থেকে শুরু করে গত সপ্তাহে মলডোভা পর্যন্ত 20-টিরও বেশি দেশ থেকে আমাদের কাছে পরিদর্শক এসেছে? NYCPS-এ আমরা যা করছি তা থেকে শেখার জন্য যেসব দর্শনার্থী এসেছেন, তাদের মাঝে রয়েছেন সরকারি কর্মকর্তা, শিক্ষামন্ত্রী, রাষ্ট্রদূত, এবং শিক্ষাবিদগণ। এই সফরগুলো আমাদের উত্তম পন্থাসমূহ শেয়ার করার, সংযোগ তৈরি করার, এবং অন্যান্য রাষ্ট্র ও সংস্কৃতি থেকে শেখারও একটি সুযোগ।

আমাদের আন্তর্জাতিক দর্শনার্থীগণ বিবিধ বিষয়ে আগ্রহী, যেমন দ্বৈত ভাষার কর্মসূচি (ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম) (ইটালি), পেশা ও প্রযুক্তিগত শিক্ষা (কাজাখস্তান), এবং শিক্ষাগত প্রযুক্তি (আইসল্যান্ড)। আমাদের মত এত বড় স্কুল সিস্টেমে, এই সবগুলো বিষয় এবং আরো অনেক কিছু নিয়ে কাজ করার সুযোগের অভাব নেই।

উদাহরণস্বরূপ, গত মাসে থাইল্যান্ড থেকে আসা একটি প্রতিনিধি দল আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)-এ শিক্ষা-নির্দেশনা প্রদানকারী দুইটি স্কুল পরিদর্শন করেছেন। "47" আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ অ্যান্ড ইংলিশ সেকেন্ডারি স্কুল, যা বধির, শ্রবণ-সমস্যায়ুক্ত, এবং শুনতে সক্ষম শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে, সেখানে এই প্রতিনিধিগণ "ভয়েস অভ ডেজ" (কণ্ঠহীন দিনসমূহ) সম্পর্কে জেনেছেন, যখন সকল শিক্ষার্থী ও কর্মীগণ পুরোপুরি ASL-এ ভাব বিনিময় করে।

এছাড়াও সম্প্রতি আমরা ফিলিপাইন থেকে আগত একটি প্রতিনিধি দলকে অভ্যর্থনা জানিয়েছি, যারা ব্রঙ্ক্সে অবস্থিত আমাদের দুইটি আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম পরিদর্শন করেছেন। প্রতিনিধি দলটি আমাদের আর্লি চাইল্ডহুড মডেল সম্পর্কে জেনেছেন, এতে অন্তর্ভুক্ত পাঠ্যক্রম, মূল্যায়ন, এবং পেশাদারী শিক্ষায় আমাদের কার্য-পদক্ষেপ; অতঃপর বিন্যান (Biñan)-এর মেয়র এই পরিদর্শন "জীবন পরিবর্তনকারী" হিসেবে আখ্যায়িত করেছেন। তিনি বলেছেন যে দেশে ফেরার পর তার অভিজ্ঞতা তার কাজের পথনির্দেশনা হিসেবে কাজ করবে।

যখন আমি এই ধরনের মূহূর্তগুলোর প্রতিফলন করি, তখন আমাদের কর্মীদের নিবেদিত প্রাণ এবং আমাদের পরিবারদের অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ বোধ করি—একত্রে, আমরা নিউ ইয়র্ক সিটিকে শিক্ষাগত উৎকর্ষ ও উদ্ভাবনের একটি মডেল হিসেবে গড়ে তুলছি, যা বিশ্বব্যাপী শিক্ষার্থী ও কমিউনিটিদের উপর প্রভাব বিস্তার করে।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাম্পেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।